তারিখ 21 DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

যুগান্তর

১১২ সরকারি কলেজ

# উপাধ্যক্ষ হবেন অধ্যাপকরা

যুগান্তর রিপোর্ট

দেশের ১১২টি সরকারি কলেজের উপাধ্যক্ষ পদ আপগ্রেড করা হয়েছে। এখন থেকে অধ্যাপকদের এসব পদে পদায়ন করা হবে। মঙ্গলবার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। এখন পর্যন্ত সহযোগী অধ্যাপকরা এসব পদে কর্মরত আছেন।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এছাড়া আরও ৩টি পদ আপগ্রেড করা হয়েছে। ওইগুলো হচ্ছে— জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা বোর্ডের চেয়ারম্যান, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম)

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

## উপাধ্যক্ষ হবেন অধ্যাপকরা

(৩য় পৃষ্ঠার পর)

মহাপরিচালক। বর্তমানে এসব পদে সরকারি বেতন স্কেলের চতুর্থ ও তৃতীয় গ্রেডের কর্মকর্তা বা অধ্যাপকরা পদায়ন পাচ্ছেন। আপগ্রেড করে তা দ্বিতীয় গ্রেড করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে (মাউশি) দুটি অতিরিক্ত মহাপরিচালকের পদও সৃষ্টি করা হবে।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি অধ্যাপক আইকে সেলিমউল্লাহ খোন্দকার যুগান্তরকে বলেন, 'পে-স্কেল ঘোষণার পর ২৬ ক্যাডারের আন্দোলনের সময়ে সমঝোতা অনুযায়ী কলেজগুলোর পদ আপগ্রেড করা হয়েছে। এ সংক্রান্ত ফাইল দীর্ঘদিন অর্থ মন্ত্রণালয়ে আটকে ছিল। এতকিছুর পর সিদ্ধান্ত আলোর মুখ দেখায় আমরা সংশ্লিষ্টদের ধন্যবাদ জানাচ্ছি।'

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, পদ আপগ্রেডের ফলে এখন থেকে এ ১১২টি কলেজের উপাধ্যক্ষ পদে চতুর্থ গ্রেডের কর্মকর্তাদের পদায়ন করা হবে। আর অধ্যক্ষ পদে একই গ্রেড বা তৃতীয় গ্রেডের কর্মকর্তারা নিযুক্ত হবেন।

কলেজগুলো হচ্ছে—

শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা। ধামরাই সরকারি কলেজ, ঢাকা। মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ। ঘিওর সরকারি কলেজ, মানিকগঞ্জ। সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ। নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ, নারায়ণগঞ্জ। সরকারি সফর আলি কলেজ, নারায়ণগঞ্জ। হরগঙ্গা সরকারি কলেজ, মুন্সীগঞ্জ। শ্রীনগর সরকারি কলেজ, মুন্সীগঞ্জ। ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর। টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর। শহীদ আসাদ সরকারি কলেজ, নরসিংদী। সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর। সদরপুর সরকারি কলেজ, ফরিদপুর। সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ। রামদিয়া সরকারি এসকে কলেজ, গোপালগঞ্জ। সরকারি শেখ মুজিবুর রহমান কলেজ, গোপালগঞ্জ। রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী। রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী। শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর। নড়িয়া সরকারি কলেজ, শরীয়তপুর। মুমিনুন্নেসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ। শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ। গৌরীপুর সরকারি কলেজ, ময়মনসিংহ। গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ। কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ, কিশোরগঞ্জ। সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর। সরকারি জাহেদা সফির মহিলা কলেজ, জামালপুর। শেরপুর সরকারি কলেজ, শেরপুর। শেরপুর সরকারি মহিলা কলেজ, শেরপুর। সরকারি মাওলানা মোহাম্মদ আলী কলেজ, টাঙ্গাইল। কুমুদিনী সরকারি মহিলা কলেজ, টাঙ্গাইল। হাজী মুহাম্মদ মহসীন সরকারি কলেজ, চট্টগ্রাম। গাছবাড়িয়া সরকারি কলেজ, চট্টগ্রাম। পটিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম। সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম। কক্সবাজার সরকারি কলেজ, কক্সবাজার। রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি। সরকারি নাজিমউদ্দিন কলেজ, মাদারীপুর। বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান। নোয়াখালী সরকারি মহিলা কলেজ, নোয়াখালী। চৌমুহনী সরকারি এসএ কলেজ, নোয়াখালী। ফেনী সরকারি কলেজ, ফেনী। সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী। লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর। নওয়াব ফয়জুন্নেসা সরকারি কলেজ, কুমিল্লা। ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া। নবীনগর সরকারি কলেজ, নবীনগর। চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর। সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট। বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট। বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ। মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার। মৌলভীবাজার সরকারি মহিলা কলেজ, মৌলভীবাজার। শ্রীমঙ্গল সরকারি কলেজ, মৌলভীবাজার। সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ। রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী। নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ। আদিনা ফজলুল হক সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ। নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজ, নাটোর। রানীভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর। আবদুলপুর সরকারি কলেজ, নাটোর। সাপাহার সরকারি ডিগ্রি কলেজ, নওগাঁ। বঙ্গবন্ধু সরকারি কলেজ, বদলগাছী, নওগাঁ (পূর্বনাম— বদলগাছী সরকারি কলেজ)। পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা। শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা। ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা।

ইসলামিয়া সরকারি কলেজ, সিরাজগঞ্জ। রাশিদাজ্জোহা সরকারি মহিলা কলেজ, সিরাজগঞ্জ। উল্লাপাড়া সরকারি আকবর আলী কলেজ, সিরাজগঞ্জ। শাহজাদপুর সরকারি কলেজ, সিরাজগঞ্জ। কাজীপুর সরকারি মনসুর আলী কলেজ, সিরাজগঞ্জ। রংপুর সরকারি কলেজ, রংপুর। নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী। নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী। গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা। কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রাম। কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ, কুড়িগ্রাম। লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট। সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া। জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট। জয়পুরহাট সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট। মহিপুর হাজী মহসীন সরকারি কলেজ, জয়পুরহাট। দিনাজপুর সরকারি মহিলা কলেজ, দিনাজপুর। ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও। পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও। মকবুলার রহমান সরকারি কলেজ, পঞ্চগড়। সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা। সাতক্ষীরা সরকারি কলেজ, সাতক্ষীরা। সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ, সাতক্ষীরা। কলারোয়া সরকারি কলেজ, সাতক্ষীরা। তালা সরকারি কলেজ, সাতক্ষীরা। সরকারি সিটি কলেজ, যশোর। হোসেন শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, মাগুরা।

সরকারি কেসি কলেজ, ঝিনাইদহ। নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ। নড়াইল ভিক্টোরিয়া কলেজ, নড়াইল। কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া। চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা। মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর। বরিশাল সরকারি কলেজ, বরিশাল। বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল। সৈয়দ হাতেম আলী সরকারি কলেজ, বরিশাল। চাখার ফজলুল হক কলেজ, বরিশাল। গৌরনদী সরকারি কলেজ, বরিশাল। ভোলা সরকারি কলেজ ভোলা। ফজিলাতুন্নেসা সরকারি মহিলা কলেজ, ভোলা। ঝালকাঠি সরকারি কলেজ, ঝালকাঠি। ঝালকাঠি সরকারি মহিলা কলেজ, ঝালকাঠি। বরগুনা সরকারি কলেজ, বরগুনা। সরকারি স্বরূপকাঠি কলেজ, পিরোজপুর।